দর্শনা কেরুজ কৃষি খামারের আখ রোপন কাজে আধুনিক যন্ত্রের ব্যবহার

বাংলাদেশে এই প্রথম ৮৫ বছর পর দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে আখ রোপনের কাজে যুক্ত হয়েছে সুগার কেইন প্লান্টার মেশিন। ফলে আখ রোপনের কাজ যেমন হবে সহজ সাধ্য এবং সাশ্রয়ি হবে অর্থ। এর ফলে চিনিকলের আওতায় আখ রোপন বৃদ্ধি পাবে বলে সচেতন মহল মনে করছেন। আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ছে কৃষি খাতে। ফলে এর প্রভাব পড়ছে বাড়তি উৎপাদনে। তারি ধারাবাহিকতায় দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারগুলোতে আখ রোপনের জন্য ক্রয় করেছে প্লান্ট মেশিন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে যান্ত্রীক মেশিন দিয়ে বেগমপুর বানিজ্যিক কৃষি খামারের আখ রোপনের মধ্য দিয়ে আখ রোপন কাজের উদ্বোধন করেন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

২০২৩-২৪ রোপন মৌসুমে কেরু নিজস্ব জমিতে ১১শ একর আখ রোপনের লক্ষমাত্রা নিয়ে যাত্রা শুরু করেছে। এর মধ্যে কেরুজ বেগমপুর ফার্মে ১১০ একরের মধ্যে ৪ একর জমিতে আধুনিক প্রযুক্তি মাধ্যমে ৪ একর জমিতে আখ রোপন সম্পর্ন হয়েছে। এর ফলে শ্রমিক দিয়ে একর প্রতি খরচ হতো ২১টি লেবার। যান্ত্রীকি করণের কারণে ৮/১০ জন শ্রমিক বিনিয়োগ করলেই এক একর আখ রোপন অনায়েশে করতে পারবে কর্তৃপক্ষ।

ব্যবস্থপনা পরিচালক বলেন, এ যন্ত্র ব্যবহারের ফলে সময় ও অর্থ শাশ্রয় হবে। চলতি মোরসুমে ৪টি মেশিন আমদানি করা হয়েছে। আগামীতে এলাকাবাসি আখ চাষ করতে চাইলে এ যন্ত্র সহজমূল্যে চাষিদেরকে দেয়ার ব্যবস্থা করা হবে।

এসময় উপস্তিত ছিলেন চিনিকলের মহা ব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ফার্ম ম্যানেজার সুমন কুমার সাহা, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান, আখচাষি আবজালুল হক ধীরু, এছাড়া উপস্থিত ছিলেন, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, ঈক্ষু সংগ্রহ (সিপিও), মাহবুবুর রহমান, ইক্ষু সংগ্রহ (ডিজিএম) আবু তালহা, ডিহি খামার ইনচার্জ ইমদাদুল হক, বেগমপুর খামার ইনচার্জ ফিরোজ আহম্মেদ,ঝাঝরি খামার ইনচার্জ